

"

## কৃষি প্রযুক্তি ভাণ্ডার

### প্রযুক্তির বিবরণ

প্রযুক্তির নাম : জিংক ও বোরন সার পাতায় সিঞ্চন প্রয়োগে (Foliar spray) টমেটো চাষ

#### বিস্তারিত বিবরণ :

**বৈশিষ্ট্য:** মাটিতে অনুপুষ্টির অভাবে টমেটোর ফলন অনেক কম হয়। পর্যাপ্ত পরিমাণ ইউরিয়া, টিএসপি এবং এমওপি সার ব্যবহার করলেও পরিমিত পরিমাণ অনুপুষ্টি সার ব্যবহার না করলে বেশী ফলন আশা করা যায় না। অনুপুষ্টি সার বিশেষ করে জিংক ও বোরন সার সিঞ্চন আকারে টমেটো গাছে প্রয়োগ করলে ফলন বৃদ্ধি সম্ভব।

মুক্তিকা অণুপুষ্টি শাখা ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ মৌসুমে গবেষণা করে অত্র প্রযুক্তিটি উদ্ভাবন করেছে।

**অঞ্চল:** গাজীপুর (AEZ-২৮)

**মাটি:** সুনিষ্কাশিত দোঁয়াশ মাটি উত্তম।

**বীজের হার:** হেক্টর প্রতি ২০০-২৫০ গ্রাম

**বীজ বপনের সময়:** মধ্য আগস্ট-মধ্য অক্টোবর

**চারা রোপনের সময়:** মধ্য নভেম্বর-মধ্য ডিসেম্বর

শস্য: টমেটো

জাত: বারি টমেটো -১৫

সারের পরিমাণ:

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর)
ইউরিয়া	২৫০-৩০০ কেজি
টিএসপি	২০০-২৫০ কেজি
এমওপি	১৭৫-২০০ কেজি
জিপসাম	৯০-১০০ কেজি
গোবর	২টন

**সার প্রয়োগ পদ্ধতি:** অর্ধেক গোবর ও টিএসপি ও জিপসাম সার শেষ চাষের সময় জমিতে ছিটিয়ে দিতে হয়। অবশিষ্ট গোবর চারা লাগানোর পূর্বে গর্তে প্রয়োগ করতে হয়। ইউরিয়া ও এমওপি ২ কিস্তিতে পার্শ্বকুশি ছাঁটাইয়ের পর চারা লাগানোর ৩য় ও ৫ম সপ্তাহে রিং পদ্ধতিতে প্রয়োগ করতে হয়।

**সিঞ্চন প্রয়োগ:** জিংক সালফেট-হ্যাপ্টা হাইড্রেট ( ২৩% জিংক ) ০.০৫% হারে এবং বোরিক এসিড ( ১৮% বোরন ) ০.০৩% হারে গাছে ১) ফুল আসার আগে, ২) ফল ধরার ১৫ দিন পর এবং ৩) ২য় প্রয়োগের ২০ দিন পর পাতায় সিঞ্চন প্রয়োগ করতে হবে। প্রতিবার ৩০০ মি.লি. দ্রবণ প্রয়োগে প্রতিটি টমেটো গাছে সম্পূর্ণভাবে ভিজিয়ে দিতে হবে। সূর্যাস্তের পূর্বে অথবা পড়ন্ত বিকালে স্প্রে করতে হবে। খেয়াল রাখতে হবে যেন সিঞ্চনের পূর্বে পাতা ভেজা না থাকে। প্রথমে সূর্যালোকে স্প্রে করা যাবে না।

**অন্তর্বর্তীকালীন পরিচর্যা:** ১ম ও ২য় কিস্তির সার প্রয়োগের পূর্বে পার্শ্বকুশিসহ মরা পাতা ছাঁটাই করে দিতে হয়। এতে রোগ পোকার আক্রমণ কম হয় এবং ফলের আকার বড় হয়। সেজন্য টমেটো গাছে 'A' আকৃতির ঠেকনা দেওয়ার জন্য বাঁশের তৈরী কাঠি, ধৈঞ্চার কাঠি, বাঁশের কঞ্চি, ডাল ইত্যাদি ব্যবহার করা যেতে পারে। ফসলের নিবিড় যত্ন যেমন- আগাছা দমন, সার প্রয়োগ, পানি সেচ, নিষ্কাশন, আন্তরণ ভেঙ্গে দেওয়া এবং মাটি বুঁরবুঁরে রাখা আবশ্যিক।



[প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে কথা বলুন।](#)

[Back](#)